



New York State  
**EDUCATION DEPARTMENT**  
Knowledge > Skill > Opportunity

**New York State Testing Program  
Grade 7  
Mathematics Test  
(Bengali)**

**Released Questions**

**2021**

New York State administered the Mathematics Tests in May 2021 and is now making the questions from Session 1 of these tests available for review and use. Only Session 1 was required in 2021.



## New York State Testing Program Grades 3–8 Mathematics

### Released Questions from 2021 Tests

#### **Background**

In 2013, New York State (NYS) began administering tests designed to assess student performance in accordance with the instructional shifts and rigor demanded by the new New York State P–12 Learning Standards in Mathematics. To help in this transition to new assessments, the New York State Education Department (NYSED) has been releasing an increasing number of test questions from the tests that were administered to students across the State in the spring. This year, SED is again releasing 2021 NYS Grades 3–8 English Language Arts and Mathematics test materials for review, discussion, and use.

In February 2021, with the ongoing COVID-19 pandemic still forcing restrictions on all educational and learning activities statewide, NYSED submitted two federal waiver requests related to state assessment and accountability requirements. The waiver requests addressed the unique circumstances caused by the pandemic that have resulted in many students receiving some or all of their instruction remotely.

Later that month, the United States Department of Education (USDE) informed states that it would not grant a blanket waiver for state assessments. However, the USDE agreed to uncouple state assessments from the Every Student Succeeds Act (ESSA) accountability requirements so that test results will be used solely as a measure of student learning. Additionally, it was decided that NYSED would administer only Session 1 of the Grades 3–8 ELA and Mathematics Tests for the Spring 2021 administration and that the tests would include previously administered questions.

The decision to use previously administered test questions in this extraordinary year was based on guidance from nationally recognized experts in the assessment field and was recommended in a [publication](#) from the Council of Chief State School Officers to state education departments. Reusing test questions provided the benefit of having established scale scores and stable item parameters. Using previously administered test questions also ensured that it will be possible to develop new test forms for 2022 and beyond. Although it was not the driver of the decision, the reuse of previously administered test questions provided an opportunity for cost savings during these unique circumstances where the instructional models used by schools varied throughout the State.

For 2021, the entire Session 1 booklet is being released as this is all that students were required to take. Additionally, NYSED is providing a map that details what learning standards each released question measures, and the correct response to each question. These released materials will help students, families, educators, and the public better understand the tests and NYSED's expectations for students.

## ***Understanding Math Questions***

### **Multiple-Choice Questions**

Multiple-choice questions are designed to assess the New York State P–12 Learning Standards for Mathematics. Mathematics multiple-choice questions will be used mainly to assess standard algorithms and conceptual standards. Multiple-choice questions incorporate both the grade-level standards and the “Standards for Mathematical Practices.” Many questions are framed within the context of real-world applications or require students to complete multiple steps. Likewise, many of these questions are linked to more than one standard, drawing on the simultaneous application of multiple skills and concepts.

### **New York State P–12 Learning Standards Alignment**

The alignment to the New York State P–12 Learning Standards for Mathematics is intended to identify the primary analytic skills necessary to successfully answer each question. The released questions do not represent the full spectrum of the standards assessed on the State tests, nor do they represent the full spectrum of how the standards should be taught and assessed in the classroom. It should not be assumed that a particular standard will be measured by an identical question in future assessments. Specific criteria for writing test questions, as well as additional assessment information, are available at <http://www.engageny.org/common-core-assessments>.

নাম: \_\_\_\_\_



*Bengali Edition*  
*Grade 7*  
*Mathematics Test*  
*Session 1*  
*v202*

নিউ ইয়র্ক স্টেট টেস্টিং  
প্রোগ্রাম গণিত পরীক্ষা  
সেশন 1

গ্রেড **7**

v202

**Released Questions**

Developed and published under contract with the New York State Education Department by Questar Assessment Inc., 5550 Upper 147th Street West, Minneapolis, MN 55124. Copyright © 2021 by the New York State Education Department.

## গ্রেড 7 গণিতের রেফারেন্স শীট

### রূপান্তরকরণ

1 ইঞ্চি = 2.54 সেন্টিমিটার

1 মিটার = 39.37 ইঞ্চি

1 মাইল = 5,280 ফুট

1 মাইল = 1,760 গজ

1 মাইল = 1.609 কিলোমিটার

1 কিলোমিটার = 0.62 মাইল

1 পাউন্ড = 16 আউন্স

1 পাউন্ড = 0.454 কিলোগ্রাম

1 কিলোগ্রাম = 2.2 পাউন্ড

1 টন = 2,000 পাউন্ড

1 কাপ = 8 ফ্লুইড আউন্স

1 পাইন্ট = 2 কাপ

1 কোয়ার্ট = 2 পাইন্ট

1 গ্যালন = 4 কোয়ার্ট

1 গ্যালন = 3.785 লিটার

1 লিটার = 0.264 গ্যালন

1 লিটার = 1,000 ঘন সেন্টিমিটার

### সূত্রসমূহ

ত্রিকোণ

$$A = \frac{1}{2}bh$$

সামান্তরিক ক্ষেত্র

$$A = bh$$

বৃত্ত

$$A = \pi r^2$$

বৃত্ত

$$C = \pi d \text{ বা } C = 2\pi r$$

সাধারণ প্রিজম

$$V = Bh$$



# সেশন 1

## এই পরীক্ষা দেয়ার জন্য পরামর্শ

এখানে আপনাকে আপনার সর্বোচ্চ ভাল করার সুযোগ দিতে কিছু পরামর্শ দেয়া হল:

- উত্তর বেছে নেওয়ার আগে প্রতিটি প্রশ্ন সতর্কতার সাথে পড়ুন এবং উত্তরটি সম্পর্কে ভাবুন।
- পরীক্ষায় ব্যবহারের জন্য আপনাকে গাণিতিক যন্ত্রসমূহ (একটি রুলার, একটি প্রোট্র্যাক্টর/কোণমাপক, ও একটি ক্যালকুলেটর) এবং একটি রেফারেন্স শীট দেয়া হয়েছে। প্রতিটি যন্ত্র এবং রেফারেন্স শীটটি কখন কাজে আসবে সেটি সিদ্ধান্ত নেয়ার ভার আপনার উপর। যখনই প্রশ্নের উত্তর দেয়ার জন্য গাণিতিক যন্ত্রগুলো এবং রেফারেন্স শীটটি ব্যবহার করা প্রয়োজন বলে মনে হবে তখনই এটি ব্যবহার করবেন।



1

ক্লারা মিনিয়েচার গলফ খেলতে গেল। সে প্রবেশের টিকিটের জন্য \$7.50 এবং প্রতি রাউন্ড গলফ খেলার জন্য \$6.25 পরিশোধ করল। ক্লারা প্রবেশের জন্য এবং যতগুলো রাউন্ড গলফ খেলল তার জন্য সব মিলিয়ে যা পরিশোধ করল তার পরিমাণ \$26.25। নিচের কোন সমীকরণটি ব্যবহার করে ক্লারা যত রাউন্ড গলফ খেলল, তার সংখ্যা,  $x$ , এর মান নির্ণয় করা যাবে?

A  $6.25x + 7.50 = 26.25$

B  $6.25x - 7.50 = 26.25$

C  $7.50x + 6.25 = 26.25$

D  $7.50x - 6.25 = 26.25$

2

$\frac{7}{12}$  কে দশমিকে রূপান্তর করলে ঠিক কত হয়?

A 0.583

B  $0.58\bar{3}$

C 1.714

D  $1.71\bar{4}$

3

একটি রেস্তুরেন্টে জোসেফের দুপুরের খাবারের দাম হয় \$13.00, ট্যাক্স ছাড়া। সে ওয়েটারের জন্য দুপুরের খাবারের ট্যাক্স ছাড়া দামের 17% পরিমাণ বকশিশ দিয়ে আসে। ট্যাক্স ছাড়া, এবং বকশিশ সহ, তার দুপুরের খাবারে মোট কত খরচ হয়েছে?

A \$2.21

B \$10.79


C \$13.17

D \$15.21

চালিয়ে যান

4

জর্ডান ব্রাউনি বানাচ্ছে এবং সে একটি গোল প্যান অথবা একটি আয়তাকার প্যান ব্যবহার করবে। প্রতিটি প্যানের নিচের মাপগুলো নিচে দেখানো হলো।



কোন বিবৃতিটি গোলাকার প্যানের নিচের ক্ষেত্রফলের সাথে আয়তাকার প্যানের নিচের ক্ষেত্রফলের মধ্যে তুলনাকে সঠিকভাবে তুলে ধরে?

- A গোলাকার প্যানের নিচের ক্ষেত্রফল আয়তাকার প্যানের ক্ষেত্রফলের চাইতে প্রায় 8.5 বর্গ ইঞ্চি বেশি।
- B গোলাকার প্যানের নিচের ক্ষেত্রফল আয়তাকার প্যানের ক্ষেত্রফলের চাইতে প্রায় 244.2 বর্গ ইঞ্চি বেশি।
- C গোলাকার প্যানের নিচের ক্ষেত্রফল আয়তাকার প্যানের ক্ষেত্রফলের চাইতে প্রায় 7.2 বর্গ ইঞ্চি কম।
- D গোলাকার প্যানের নিচের ক্ষেত্রফল আয়তাকার প্যানের ক্ষেত্রফলের চাইতে প্রায় 38.6 বর্গ ইঞ্চি কম।

5

শন্টে  $\frac{2}{3}$  ঘন্টায় গড়ে একটি 6-আউন্স গ্লাসের  $\frac{1}{2}$  ভাগ পরিমাণে পানি পান করে। সে এক ঘন্টায় কতটুকু পানি পান করে?

- A 0.75 আউন্স
- B 2 আউন্স
- C 4.5 আউন্স
- D 9 আউন্স

চালিয়ে যান

6

নিচের সমীকরণটির মান কত?

$$\frac{-(-4)(-6) - \frac{3}{5}(10 + 15)}{\frac{1}{3}}$$

A -117


B -13

C 3

D 27

7

ছবিটিতে একটি সেল ফোনের দৈর্ঘ্য ও প্রস্থ, এবং একই ব্র্যান্ডের আরো বড় আকারের একটি সেল ফোনের দৈর্ঘ্য দেখানো হয়েছে।



দুটি সেল ফোনের দৈর্ঘ্য এবং প্রস্থ সমানুপাতিক। আকারে বড় সেল ফোনটির প্রস্থ, ইঞ্চিতে, কত?

A 1.15

B 2.26

C 2.99

D 3.41

চালিয়ে যান

8

রাত 12:00টা থেকে সকাল 6:00টার মধ্যে, তাপমাত্রা  $12^{\circ}\text{C}$  নেমে যায়। যদি প্রাথমিক তাপমাত্রা  $12^{\circ}\text{C}$  হয়ে থাকে, তাহলে কোন অংকটি ব্যবহার করে এই পরিস্থিতিকে বর্ণনা করা যাবে?

- A  $12 - 12$
- B  $12 + 12$
- C  $12 - (-12)$
- D  $-12 + (-12)$

9

জর্ডান একটি মিটিং এ ব্যবহারের জন্য 200টি নেম ট্যাগ তৈরি করে। প্রতিটি রঙের নেম ট্যাগের সংখ্যাগুলো নিচে বিবরণ দেয়া হলো।

- 35% নেম ট্যাগের রঙ নীল
- $\frac{3}{8}$  ভাগ নেম ট্যাগের রঙ হলুদ
- বাকি সবগুলো নেম ট্যাগের রঙ লাল

জর্ডানের নেম ট্যাগগুলোর মধ্যে কতগুলোর রঙ লাল?

- A 55
- B 90
- C 110
- D 145

10

মি. জনসনের স্কুল-পরবর্তী ক্লাবের ছেলে ও মেয়েদের সংখ্যার অনুপাত এবং মিস গ্রিনের স্কুল-পরবর্তী ক্লাবের ছেলে ও মেয়েদের সংখ্যার অনুপাত সমান। মি. জনসনের ক্লাবে 4 জন ছেলে এবং 12 জন মেয়ে আছে। মিস গ্রিনের ক্লাবে 6 জন ছেলে আছে। মিস গ্রিনের ক্লাবে কতজন মেয়ে আছে?

- A 2
- B 12
- C 14
- D 18

11

একটি দোকানে একটি পণ্যের স্বাভাবিক মূল্য  $p$  ডলার। পণ্যটি মূল্যছাড়ের কারণে স্বাভাবিক মূল্যের চাইতে 20% কম দামে বিক্রি হচ্ছে। নিচের অংকগুলোর কয়েকটিতে পণ্যটির মূল্যছাড়ের কারণে কমে যাওয়া দাম, ডলারে, দেখানো হচ্ছে।

অংক A:  $0.2p$

অংক B:  $0.8p$

অংক C:  $1 - 0.2p$

অংক D:  $p - 0.2p$

অংক E:  $p - 0.8p$

কোন অংকদুটির প্রতিটি মূল্য ছাড়ের পর পণ্যটির কমে যাওয়া দাম নির্দেশ করে?

- A অংক A এবং অংক E
- B অংক B এবং অংক C
- C অংক B এবং অংক D
- D অংক C এবং অংক D

চালিয়ে যান

12

গত সপ্তাহে, একটি মুদি দোকানে আপেলের দাম ছিল \$1.60 প্রতি পাউন্ড। এই সপ্তাহে, একই মুদি দোকানে আপেলগুলো 10% ছাড়ে মূল্যহ্রাসে বিক্রি হচ্ছে। ওই মুদি দোকানে এই সপ্তাহে  $4\frac{1}{2}$  পাউন্ড আপেলের মোট দাম কত হবে?

A \$4.77

B \$6.48

C \$6.75

D \$6.93

13

একটি বস্তু একটি নির্দিষ্ট হারে একটি আনুভূমিক সরল পথ ধরে চলতে থাকে। বস্তুটি  $\frac{3}{4}$  সেকেন্ডে ওই পথের  $\frac{1}{20}$  ভাগ দৈর্ঘ্য অতিক্রম করে। এই হারে চলতে থাকলে, সম্পূর্ণ পথের দৈর্ঘ্য অতিক্রম করতে বস্তুটির কত সেকেন্ড সময় লাগবে?

A 15

B  $15\frac{3}{4}$ 

C 20

D  $20\frac{3}{4}$

14

একটি আসবাবের দোকানে মূল্যহ্রাস চলাকালীন সময়ে একটি সোফার হ্রাসকৃত মূল্য তার স্বাভাবিক মূল্যের  $\frac{1}{3}$  ভাগ কমে গেছে। সোফার স্বাভাবিক মূল্য হচ্ছে \$1,029.00। একজন ক্রেতা নগদ টাকায় মূল্য পরিশোধ করলে হ্রাসকৃত মূল্যের উপরে আরও 5% ছাড় পেতে পারেন। মূল্য পরিশোধ করার সময়, সোফার দামের সাথে 6.5% বিক্রয় ট্যাক্স যোগ করা হয়। একজন ক্রেতা নগদ টাকায় মূল্য পরিশোধ করলে, বিক্রয় ট্যাক্স সহ, সোফাটি কিনতে তাকে মোট কত খরচ করতে হবে?

- A \$343.00
- B \$651.70
- C \$686.00
- D \$694.06

চালিয়ে যান

15

কোন ছকটিতে  $x$  এবং  $y$  এর মধ্যে একটি আনুপাতিক সম্পর্ক দেখানো হয়েছে?

A

$x$	$y$
3	4
6	10
9	16
12	22
15	28

C

$x$	$y$
4	2
8	4
12	8
16	14
20	20

B

$x$	$y$
12	6
14	12
16	18
18	24
20	30

D

$x$	$y$
5	1
10	2
15	3
20	4
25	5

16

কোন রাশিটি  $7a - 8 - 12a + 4$  এর সমতুল্য?

A  $-9a$

B  $31a$

C  $-5a - 4$

D  $19a + 12$

চালিয়ে যান



17

একটি বক্সে তিন রকম আকারের কিছু পেপার ক্লিপ আছে। প্রতিটি আকারের পেপার ক্লিপের সংখ্যা নিচে তুলে ধরা হল।

- 100টি ছোট আকারের পেপার ক্লিপ
- 250টি মাঝারি আকারের পেপার ক্লিপ
- 150টি বড় আকারের পেপার ক্লিপ

বক্স থেকে এলোমেলোভাবে একটি পেপার ক্লিপ তুলে নেয়া হলো। পেপার ক্লিপটির ছোট অথবা মাঝারি আকারের হওয়ার সম্ভাব্যতা কতটুকু?

- A  $\frac{1}{3}$
- B  $\frac{2}{3}$
- C  $\frac{3}{7}$
- D  $\frac{7}{10}$

18

$\left[(-0.5) \times \left(-\frac{1}{4}\right)\right]$  এর  $\frac{1}{2}\%$  এর ফলাফল কত?

- A 0.000625
- B 0.00025
- C 0.065
- D 0.025

চালিয়ে যান

19

মারিও তার জুতার দোকানে পুরুষ এবং মহিলাদের জুতা বিক্রি করে। সে বাচ্চাদের জুতাও বিক্রি করার কথা ভাবছে। সে এলোমেলোভাবে 120 জন ক্রেতাকে একটি জরিপে অংশ নেয়ার জন্য বাছাই করল। জরিপের ফলাফলগুলো নিচে দেখানো হল।

- 42 জন ক্রেতা বলল যে তারা বাচ্চাদের জুতা কিনবে
- 78 জন ক্রেতা বলল যে তারা বাচ্চাদের জুতা কিনবে না

মারিওর কাছে প্রতি মাসে গড়ে 440 জনের মত ক্রেতা আসে। জরিপের ফলাফলের উপর ভিত্তি করে, কোন সংখ্যাটি এক মাস সময়ের মধ্যে সেইসব ক্রেতাদের গড় পরিমাণকে **সবচেয়ে ভালভাবে** তুলে ধরে যারা বাচ্চাদের জুতা কিনতে চাইবে?

- A 120
- B 154
- C 220
- D 286

20

ড্যানিয়েল একটি আয়তাকার ভিত্তির উপর তৈরি একটি ভবনের আনুপাতিক মডেল তৈরি করে। তার মডেলটির দৈর্ঘ্য 2 ইঞ্চি এবং প্রস্থ 1 ইঞ্চি। মডেলটিতে ব্যবহৃত অনুপাতের পরিমাণ হচ্ছে 1 ইঞ্চি = 47 ফুট। তাহলে সত্যিকার ভবনটির ভিত্তির ক্ষেত্রফল, বর্গ ফুটে, কত হবে?

- A 141
- B 282
- C 2,209
- D 4,418

21

কোন সংখ্যাটি নিচের সমীকরণকে সত্য করে?

$$-2.1 - \underline{\quad ? \quad} = -1\frac{1}{2}$$

- A 3.6
- B 0.6
- C -0.6
- D -3.6

22

ম্যানি বোলিং খেলতে গেল।

- তার কাছে খরচ করার জন্য \$25.00 আছে।
- সে জুতা ভাড়া করার জন্য \$4.25 খরচ করল।
- প্রতিটি বোল গেমের জন্য সে \$2.50 খরচ করল।

ম্যানি সবচেয়ে বেশি সংখ্যক কতবার বোল গেম খেলতে পারবে তার সংখ্যা,  $x$ , এর মান নির্ণয় করার জন্য সে কোন অসমতাটি ব্যবহার করতে পারে?

- A  $2.5 + 4.25x \geq 25$
- B  $4.25 + 2.5x \geq 25$
- C  $2.5 + 4.25x \leq 25$
- D  $4.25 + 2.5x \leq 25$

চালিয়ে যান

23

একজন মাধ্যমিক স্কুল প্রিন্সিপাল তার স্কুলের দুপুরের খাবারের তালিকায় পরিবর্তন আনতে চান। প্রিন্সিপাল তার শিক্ষার্থীদের মধ্যে জরিপ চালিয়ে দেখতে চাইলেন যে তারা এই পরিবর্তন সম্পর্কে কী মনে করে। কোন জরিপ পদ্ধতিটি কাজে লাগালে **সবচেয়ে ভাল** প্রতিনিধি নমুনা পাওয়া যাবে?

- A গাড়িতে চড়ে স্কুলে আসে এমন প্রতি পাঁচ জনে পঞ্চম শিক্ষার্থীর উপর জরিপ চালানো
- B প্রতিটি হোমরুম থেকে এলোমেলোভাবে নির্বাচিত 3 জন শিক্ষার্থীর উপর জরিপ চালানো
- C দুপুরের খাবারের সময় সেভেনথ-গ্রেডের প্রতি দশ জনে দশম শিক্ষার্থীর উপর জরিপ চালানো
- D সকল আর্ট, ড্রামা, এবং মিউজিক ক্লাস থেকে 5 জন করে এলোমেলোভাবে বেছে নেয়া শিক্ষার্থীর উপর জরিপ চালানো

24

কেরির কাছে সাদা এবং হলুদ মার্বেল ভর্তি একটি ব্যাগ আছে। কেরি এলোমেলোভাবে ব্যাগ থেকে একটি মার্বেল বের করে, রঙটা লিখে রাখে এবং মার্বেলটা আবার ব্যাগে রেখে দেয়। তার প্রথম 65টি বাছাইয়ের ফলাফল নিচে দেয়া হলো।

- 41 বার একটি সাদা মার্বেল উঠে এসেছে।
- 24 বার একটি হলুদ মার্বেল উঠে এসেছে।

এই ফলাফলগুলোর উপর ভিত্তি করে, কেরি পরবর্তী যে মার্বেলটি তুলবে সেটির সাদা হওয়ার সম্ভাবনা, নিকটবর্তী শতাংশে প্রকাশ করার পর, কত হয়?

- A 41%
- B 50%
- C 59%
- D 63%

চালিয়ে যান

25

কোন পরিস্থিতিটির সর্বশেষ ফলাফল শূন্য হবে?

- A তাপমাত্রা যখন  $-10^{\circ}\text{F}$  থেকে  $10^{\circ}\text{F}$  এ পরিবর্তিত হয় তখন তাপমাত্রার মোট পরিবর্তন
- B একজন ব্যক্তি যখন একটি পণ্য  $\$2.25$  এ কিনে সেই পণ্যটি  $\$2.25$  দামে বিক্রি করে তখন মোট লাভের পরিমাণ
- C সমুদ্রপৃষ্ঠ থেকে 21 কিলোমিটার উপরে ওঠার পর একটি গরম বাতাসপূর্ণ বেলুনের উচ্চতায় মোট পরিবর্তন
- D কেউ যখন সাইকেলে করে 3.1 মাইল পাড়ি দিয়ে ফুলে যায় এবং আবার 3.1 মাইল পাড়ি দিয়ে সাইকেলে করে বাড়ি ফিরে আসে তখন তার পাড়ি দেয়া মোট দূরত্ব

26

নিচে একটি সমীকরণ দেখানো হয়েছে।

$$2(x - 9) = 9 \div \left(-\frac{1}{3}\right)$$

$x$  এর কোন মানটি এই সমীকরণকে সিদ্ধ করে?

- A -9.0
- B -4.5
- C 3.0
- D 7.5

থামুন



---

**গ্রেড 7**  
**গণিত পরীক্ষা**  
**সেশন 1**  
v202

**Grade 7**  
**Mathematics Test**  
**Session 1**  
v202

**THE STATE EDUCATION DEPARTMENT**  
**THE UNIVERSITY OF THE STATE OF NEW YORK / ALBANY, NY 12234**  
**2021 Mathematics Tests Map to the Standards**  
**Grade 7 Released Questions**

Question	Type	Key	Points	Standard	Cluster	Subscore	Secondary Standard(s)
<b>Session 1</b>							
1	Multiple Choice	A	1	CCSS.Math.Content.7.EE.B.4a	Expressions and Equations	Expressions and Equations	
2	Multiple Choice	B	1	CCSS.Math.Content.7.NS.A.2d	The Number System	The Number System	
3	Multiple Choice	D	1	CCSS.Math.Content.7.RP.A.3	Ratios and Proportional Relationships	Ratios and Proportional Relationships	
4	Multiple Choice	A	1	CCSS.Math.Content.7.G.B.4	Geometry		
5	Multiple Choice	C	1	CCSS.Math.Content.7.RP.A.1	Ratios and Proportional Relationships	Ratios and Proportional Relationships	
6	Multiple Choice	A	1	CCSS.Math.Content.7.NS.A.3	The Number System	The Number System	
7	Multiple Choice	C	1	CCSS.Math.Content.7.RP.A.2b	Ratios and Proportional Relationships	Ratios and Proportional Relationships	
8	Multiple Choice	A	1	CCSS.Math.Content.7.NS.A.1a	The Number System	The Number System	
9	Multiple Choice	A	1	CCSS.Math.Content.7.EE.B.3	Expressions and Equations	Expressions and Equations	
10	Multiple Choice	D	1	CCSS.Math.Content.7.RP.A.3	Ratios and Proportional Relationships	Ratios and Proportional Relationships	
11	Multiple Choice	C	1	CCSS.Math.Content.7.EE.A.2	Expressions and Equations	Expressions and Equations	
12	Multiple Choice	B	1	CCSS.Math.Content.7.NS.A.3	The Number System	The Number System	
13	Multiple Choice	A	1	CCSS.Math.Content.7.RP.A.1	Ratios and Proportional Relationships	Ratios and Proportional Relationships	
14	Multiple Choice	D	1	CCSS.Math.Content.7.RP.A.3	Ratios and Proportional Relationships	Ratios and Proportional Relationships	
15	Multiple Choice	D	1	CCSS.Math.Content.7.RP.A.2a	Ratios and Proportional Relationships	Ratios and Proportional Relationships	
16	Multiple Choice	C	1	CCSS.Math.Content.7.EE.A.1	Expressions and Equations	Expressions and Equations	
17	Multiple Choice	D	1	CCSS.Math.Content.7.SP.C.7b	Statistics and Probability		
18	Multiple Choice	A	1	CCSS.Math.Content.7.EE.B.3	Expressions and Equations	Expressions and Equations	
19	Multiple Choice	B	1	CCSS.Math.Content.7.SP.A.2	Statistics and Probability		
20	Multiple Choice	D	1	CCSS.Math.Content.7.G.A.1	Geometry		
21	Multiple Choice	C	1	CCSS.Math.Content.7.NS.A.1c	The Number System	The Number System	
22	Multiple Choice	D	1	CCSS.Math.Content.7.EE.B.4b	Expressions and Equations	Expressions and Equations	
23	Multiple Choice	B	1	CCSS.Math.Content.7.SP.A.1	Statistics and Probability		
24	Multiple Choice	D	1	CCSS.Math.Content.7.SP.C.6	Statistics and Probability		
25	Multiple Choice	B	1	CCSS.Math.Content.7.NS.A.1a	The Number System	The Number System	
26	Multiple Choice	B	1	CCSS.Math.Content.7.EE.B.3	Expressions and Equations	Expressions and Equations	

This item map is intended to identify the primary analytic skills necessary to successfully answer each question. However, some questions measure proficiencies described in multiple standards, including a balanced combination of procedural and conceptual understanding.